(গ) কোনো স্থানীয় কর্তৃপক্ষ, সংস্থা, ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দান বা অনুদান;
(ঘ) জাদুঘরের প্রকাশনা, নিদর্শনাদির অনুকৃতি, প্রবেশ টিকিট, ইত্যাদির বিক্রয়লব্ধ আয়;
(ঙ) জাদুঘরের মিলনায়তন বা প্রাঙ্গণ ভাড়া, সার্ভিস চার্জ এবং রয়্যালটি বাবদ প্রাপ্ত আয়;
(চ) তহবিলের অর্থ বিনিয়োগের মাধ্যমে বা ব্যাংকে গচ্ছিত অর্থের সুদ বা মুনাফা হইতে প্রাপ্ত আয়;
(ছ) জাদুঘরের নিজস্ব আয়; এবং
(জ) অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।
ঝ) ট্রাস্টি সদস্যদের নিকট হতে গৃহীত অনুদান।

(২) তহবিলের সকল অর্থ কোনো তফশিলি ব্যাংকে মাদারীপুর জাদুঘরের নামে জমা রাখিতে হইবে। সভাপতি ও কিউরেটরের যৌথ স্বাক্ষরে উক্ত ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

**ট্রাস্টি সদস্য**

১৫। জাদুঘরের অনুকুলে নির্দিষ্ট পরিমাণ অর্থ দানের বিনিময়ে যে কোন ব্যক্তি মাদারীপুর মিউজিয়াম এর ট্রাস্টি সদস্য হইতে পারিবেন। ট্রাস্টি সদস্যগণ জাদুঘরের আজীবন সদস্য হবেন। তাহারা পরিচালনা পরিষদের সভায় অংশগ্রহণ ও মতামত ব্যক্ত করিতে পারিবেন তবে তাহাদের ভোটাধিকার থাকিবে না।

**বাজেট**

১৬। জাদুঘর প্রতি বৎসর নির্দিষ্ট সময়ের মধ্যে সম্ভাব্য আয়-ব্যয়সহ পরবর্তী অর্থ বৎসরের বাৎসরিক বাজেট বিবরণী পরিচালনা পরিষদের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত বৎসরে জাদুঘরের কী পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহারও উল্লেখ থাকিবে।

**হিসাবরক্ষণ ও নিরীক্ষা**

১৭। জাদুঘরের পক্ষে উহার কিউরেটর আয়-ব্যয়ের যথাযথ হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

**জাদুঘরের সংরক্ষণ**

১৮। (১) কোনো ব্যক্তি জাদুঘরের কোনো স্থাবর নিদর্শন বা উহার অংশবিশেষ ধ্বংস, বিনষ্ট পরিবর্তন বা ক্ষতিসাধন করিলে উহা এই গঠনতন্ত্রের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিনি পরিচালনা পরিষদের সভাপতি কর্তৃক নির্ধারিত জরিমানা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোনো ব্যক্তি জাদুঘরের কোনো অস্থাবর নিদর্শন চুরি, পাচার, ধ্বংস, বিনষ্ট, পরিবর্তন বা ক্ষতিসাধন করিলে উহা এই গঠনতন্ত্রের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিনি পরিচালনা পরিষদের সভাপতি কর্ক নির্ধারিত জরিমানা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) কোনো ব্যক্তি জাদুঘরের সংগৃহীত বা নিবন্ধিত কোনো নিদর্শনের উপর খোদাইকরণ, লিখন, উৎকীর্ণ লিপি বা স্বাক্ষর করিলে উহা এই গঠনতন্ত্রের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিনি পরিচালনা পরিষদের সভাপতি কর্তৃক নির্ধারিত জরিমানা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

**প্রতিবেদন**

১৯। (১) প্রতি অর্থ বৎসর শেষ হইবার পর, যথাশীঘ্র সম্ভব, কিউরেটর উক্ত বৎসরের সম্পাদিত কার্যাবলির উপর একটি বার্ষিক প্রতিবেদন সভাপতির নিকট পেশ করিবে।



মোঃ নাজমুল ইসলাম
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
কিউরেটর
মাদারীপুর মিউজিয়াম

মোহাম্মদ মারুফুর রশিদ খান
জেলা প্রশাসক
ও
সভাপতি
মাদারীপুর মিউজিয়াম

